

নিকৃষ্ট স্বামী! *W*

আলবার্ট আইনস্টাইন বিশ্বের সবচেয়ে গুরুত্বপূর্ণ বিজ্ঞানীদের একজন। পেশাগত জীবনে দারুণভাবে সফল তিনি। এর পরও ব্যক্তিগত জীবনে তিনি সুস্থির ছিলেন না।

আইনস্টাইনকে নিয়ে লেখা নতুন বইয়ে তাঁকে বিশ্বের সবচেয়ে নিকৃষ্ট স্বামী হিসেবে তুলে ধরা হয়েছে। ওয়াল্টার আইজাকসন রচিত বইটির নাম *আইনস্টাইন: হিজ লাইফ অ্যান্ড ইউনিভার্স*।

আইনস্টাইনের প্রথম স্ত্রী ছিলেন মিলেভা ম্যারিক। তিনিও একজন বিজ্ঞানী ছিলেন।

ইউরোপে গণিত ও পদার্থবিদ্যা নিয়ে প্রথম যেসব নারী পড়াশোনা করেন, তাঁদেরই একজন ম্যারিক। বইয়ের বর্ণনা অনুযায়ী, সমঝোতাপূর্ণ ভালোবাসার জীবন আইনস্টাইনের কাছে ছিল একটি লড়াই। তিনি ধরে নেন, এ লড়াইয়ে জয়ী হওয়া তাঁর কর্ম নয়।

ডেইলি মেইল-এ প্রকাশিত প্রতিবেদনে বলা হয়, ১৯১৪ সালে ম্যারিকের সঙ্গে ১১ বছর দাম্পত্যজীবন পার করে হাঁপিয়ে ওঠেন আইনস্টাইন। মিলেভা ম্যারিকেরও তত দিনে হাঁপ ধরে


গেছে। কেবল সন্তানদের দিকে তাকিয়ে তাঁরা একসঙ্গে থাকতে রাজি হন। তবে সম্পর্ক রক্ষায় স্ত্রীকে একগাদা কঠিন শর্ত দেন আইনস্টাইন। ওই শর্তের তালিকা অনুযায়ী,

ম্যারিক গৃহ-পরিচারিকার মতো আইনস্টাইনের সেবা দেবেন। বিনিময়ে স্বামীর সোহাগ বা মনোযোগ আশা করতে পারবেন না।

শর্তগুলোর মধ্যে ছিল, ম্যারিককে আইনস্টাইনের ঘর পরিষ্কার-পরিচ্ছন্ন করে রাখতে হবে। আইনস্টাইন যাতে নিজের ঘরে বসে

থেতে পারেন, এ জন্য প্রতিদিন তিনবার তাঁকে সেখানে খাবার দিতে হবে, তাঁর কাপড়চোপড় ধোয়া ও ইস্ত্রি করার কাজ নিয়মিত করতে হবে। এছাড়াও আরও কিছু কঠিন শর্ত আরোপ করেন তিনি।

এসব কঠিন শর্ত আরোপের কয়েক মাস পর আইনস্টাইনকে ত্যাগ করেন ম্যারিক। এর পাঁচ বছর পর আইনস্টাইনের সঙ্গে বিবাহ বিচ্ছেদের আবেদন করেন ম্যারিক। ১৯১৯ সালে তা অনুমোদন করেন আদালত। টাইমস অব ইন্ডিয়া অনলাইন।



আলবার্ট আইনস্টাইন